**ভবিষ্যৎ প্রধানমন্ত্রী মমতা : মানস**
শুক্রবার পুরুলিয়ার কাশিপুরের সভায় মমতা বন্দ্যোপাধ্যায়কে তিনি মাতঙ্গিনি হাজরার সঙ্গে তুলনা করেন।

**নির্দেশ আয়কর দপ্তরের**

## টিডিএস কাটাতে হবে পুজো কমিটিকে

**কলকাতা, ১১ জানুয়ারি (সংবাদ)** ঃ বড়ো বাজেটের পুজো কমিটিগুলিকে আয়কর দপ্তরে ডেকে পাঠানোর ঘটনাকে কেন্দ্র করে রাজ্য রাজনীতিতে ব্যাপক শোরগোল শুরু হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এদিন হুমকি দেন, পুজো কমিটিগুলির উপর যদি আয়কর দপ্তর হাত দেয়, তবে তিনি ছেড়ে কথা বলবে না। বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ অবশ্য গা বাঁচানো গোছের মন্তব্য করে মূল বিষয়টিকে এড়িয়ে যান। মুখ্যমন্ত্রীর মতো কংগ্রেস ও সিপিএম হুমকি না ছাড়লেও বড়ো বাজেটের পুজো ক্লাবগুলিকে আয়কর দপ্তর নোটিশ ধরানোর তীব্র নিন্দা করেছে।

এদিন আয়কর দপ্তরের নোটিশ পেয়ে মূলত দক্ষিণ কলকাতার ২০টি পুজো কমিটির কর্তারা হাজিরা দেন আয়কর দপ্তরে। সেখান থেকে বেরিয়েই ক্ষোভে ফুঁসতে থাকেন তাঁরা। অভিযোগ তোলেন, কোনো পুজোর বাজেট যদি ৩০ হাজারের উপর হয় তাহলে টিডিএস কেটে নেওয়া হবে। শুধু তাই নয়, পুজো কমিটির কর্তারা চেক ছাড়া নগদে কোনো পেমেন্ট করতে পারবে না বলে জানিয়ে দিয়েছে আয়কর কর্তারা।

এখানেই শেষ নয়। আয়কর দপ্তর থেকে সাফ জানিয়ে দেওয়া হয়েছে, চেকে পেমেন্ট করা হলেও চেক গ্রহণকারীর প্যানকার্ড নম্বর অবশ্যই নিতে হবে। প্যানকার্ড না থাকলে চেক প্রাপকের কাছ থেকে ২০ শতাংশ হারে টাকা টিডিএস বাবদ কেটে নিতে হবে এবং তা আয়কর দপ্তরে জমা দিতে হবে। এতেই ক্ষুব্ধ পুজো উদ্যোক্তারা। তাদের মতে, একজন ঢাকির প্যানকার্ড চাওয়াটা বাতুলতা ছাড়া আর কিছুই নয়। কারণ, যারা দিন আনে দিন খায় তাদের প্যানকার্ড করাটা বিলাসিতা ছাড়া আর কিছুই নয়। সুতরাং পরের বছর থেকে রাজ্যের মানুষ আর ঢাকের আওয়াজ শুনতে পাবে কিনা, তা নিয়েও সংশয় রয়েছে।

## চালু রাজ্যের বৃহত্তম উড়ালপুল ‘সম্প্রীতি’

**কলকাতা, ১১ জানুয়ারি (সংবাদ)** ঃ শুক্রবার অবশেষে চালু হল রাজ্যের দীর্ঘতম উড়ালপুল ‘সম্প্রীতি’। এদিন বিকেলে মধ্য কলকাতার আউটরাম ঘাটের অনুষ্ঠান মঞ্চ থেকে রিমোটের মাধ্যমে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উড়ালপুলের উদ্বোধন করেন। বাটানগরে ওই উড়ালপুলের উদ্বোধনী অনুষ্ঠানে হাজির ছিলেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম, সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়, বিধায়ক তথা মহেশতলা পুরসভার চেয়ারম্যান দুলাল দাস সহ একাধিক তৃণমূল নেতৃত্ব। সেখানে অনুষ্ঠিত হয় একটি সংক্ষিপ্ত সভা।

উল্লেখ্য, উড়ালপুলটির দৈর্ঘ্য ৬.৮৫ কিলোমিটার। এটি নির্মাণে ব্যয় হয়েছে ৩৩০ কোটি টাকা। উড়ালপুলটির নির্মাণকাজ শুরু হয়েছিল ২০১৫ সালে। তারাতলার জিঞ্জিরাবাজার থেকে বাটা মোড়ে যে কোনো গাড়ি পৌঁছে যাবে মাত্র ১০ মিনিটে। এতদিন সাড়ে ৪ কিলোমিটারের ‘মা’ উড়ালপুলটি ছিল রাজ্যের দীর্ঘতম উড়ালপুল। এদিন রিমোটের মাধ্যমে উড়ালপুলটি উদ্বোধন করে মুখ্যমন্ত্রী রাজ্যবাসীকে আশার আলো দেখালেন। তিনি জানান, কলকাতাকে যানজট মুক্ত করতে খুব শীঘ্রই আরও ৪টি উড়ালপুল নির্মাণ করা হবে।

## আজ শুরু গন্তব্য পূর্ব সম্মেলন

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১১ জানুয়ারি** ঃ বিশ্বের কাছে বাংলার পর্যটনকে আরও বেশি করে তুলে ধরতে চায় রাজ্য। এই উদ্দেশ্যে শনিবার নিউ টাউনে গন্তব্য পূর্ব (ডেস্টিনেশন ইস্ট) সম্মেলন শুরু হচ্ছে। রাজ্য সরকার ও বণিকসভা সিআইআই-এর উদ্যোগে আয়োজিত ওই বর্ণময় অনুষ্ঠানে ৪২টি দেশ যোগ দিচ্ছে। রাজ্যে পর্যটন উন্নয়নে বিশেষভাবে নজর দেওয়া হচ্ছে ইউরোপ ও আমেরিকার বাজারে।

জিঞ্জিরা বাজার ফ্লাইওভারের উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী। – পিটিআই

# পুজো কমিটির গায়ে হাত পড়লে ছাড়ব না, তোপ মমতার

**বারাসত, ১১ জানুয়ারি** ঃ ফের কেন্দ্রীয় সরকারকে তীব্র ভর্ৎসনা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার বারাসতের যাত্রা উৎসবের মঞ্চ থেকে তোপ দাগেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে। রাজ্যের সবচেয়ে বড়ো উৎসব দুর্গাপুজো বন্ধ করে দেওয়ার ফন্দি এঁটেছে বিজেপি বলে তিনি অভিযোগ করেন। এই রাজ্যের দুর্গাপুজো কমিটিগুলোকে কর দিতে হবে বলে আয়কর দপ্তরের যে নোটিশ আসে, তার বিরুদ্ধে এদিন সোচ্চার হন মুখ্যমন্ত্রী। শুক্রবারও ২০টি কমিটিকে আয়কর দপ্তর ডেকে পাঠিয়েছিল।

সেই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, একটিও দুর্গাপুজো কমিটির গায়ে হাত পড়লে কাউকে ছেড়ে দেব না। সব রাজ্যেই মন্দির রয়েছে, পুজো হয়। তিরুপতি মন্দির, গণপতি মন্দির, তারকেশ্বর মন্দির, গোল্ডেন টেম্পল বা জগন্নাথ মন্দিরের কি এখন ট্যাক্স দিতে হবে। তিনি সরাসরি কেন্দ্রের বিজেপি সরকারকে তোপ দেগে বলেন, দুর্গাপুজো বন্ধ করতে চাইছ? পুজো কমিটিগুলি অলাভজনক সংস্থা। এরা সমাজসেবাও করে। বাংলার মানুষের চাঁদাতেই সব হয়। তাহলে কর দিতে হবে কেন? তিনি বরং ক্লাবগুলিকে একজোট হওয়ার আবেদন জানিয়েছেন। বলেছেন, সবাই এক হোন। সব ক্লাব জোট বাঁধুন। আয়কর যতই ডাকুক, নোটিশ পাঠাক, কেউ তাদের ডাকে সাড়া দেবেন না। দেখি আয়কর দপ্তর আপনাদের কী করতে পারে। আগে জ্বালিয়েছে বাম। এখন জুটেছে নাটুকে রাম। রামের নাম করে আমাদের ধর্ম শেখাচ্ছে!

বারাসতের মঞ্চ থেকে ‘দ্য অ্যাক্সিডেন্টাল প্রাইম মিনিস্টার’ সিনেমাটি নিয়েও মোদিকে বিদ্ধ করেন মুখ্যমন্ত্রী। বলেন, নির্বাচনের আগে অ্যাক্সিডেন্টাল পিএম নামে কী একটা ছবি করে ছেড়ে দিয়েছে। আমি তো বলব পালটা সিনেমা হবে ডিজাস্টার্স পিএম। প্রধানমন্ত্রী আয়নায় নিজের চেহারা দেখুন। ওঁকে দেখে মানুষ ভয় পায়। ওরে বাবা গব্বর সিং। অ্যাক্সিডেন্টাল পিএম তো সবাই। কংগ্রেসের সঙ্গে আমার তফাত আছে। মতপার্থক্য হয়েছিল তাই বেরিয়ে এসেছি। একটা দল করেছি। আপনারা আশীর্বাদ করেছেন। কিন্তু যেটা করা হচ্ছে, তা বিকৃতি। এটা অন্যায়। এদিন মুখ্যমন্ত্রী বলেন, ওই সিনেমায় সোনিয়াকে অবমাননা করা হয়েছে। যখন ক্ষমতা থাকবে না, তখন তোমার নামেও সিনেমা হবে। এটা রাজনীতির অধঃপতন। রাজ্যে যে এই সিনেমা মুক্তি পেয়েছে, এটা আমি জানতাম না।

রাফায়েল চুক্তি নিয়েও এদিন কেন্দ্রের বিরুদ্ধে সুর চড়ান মুখ্যমন্ত্রী। কটাক্ষ করেন সংরক্ষণ নিয়েও। বলেন, সংরক্ষণের নামে বিজেপি সরকার নাটক করছে– কথা, নাটক বেশি, কিন্তু কাজ নেই। চাকরি নেই, আবার সংরক্ষণ! ১০ শতাংশ সংরক্ষণ দেওয়া হবে কাদের? আট লক্ষ টাকা পর্যন্ত আয়ে? চাষির ঘরের ছেলে, শ্রমিকের ঘরের ছেলে, খেতমজুরের পরিবার পাবে না। ২০১৮ সালে সারা দেশে ২ কোটি বেকার সৃষ্টি হয়েছে।

শুক্রবার বারাসতের কাছারি ময়দানে যাত্রা উৎসবের সূচনা করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যাত্রা শিল্পীদের সুখবর দেন। তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব বিবেক কুমারকে যাত্রা শিল্পীদের এককালীন ভাতার পরিমাণ ৯ হাজার টাকা থেকে বাড়িয়ে ১৫ হাজার টাকা করতে বলেন। সেইসঙ্গে শিল্পীদের কাছে তাঁর আবেদন, বাস্তব জীবন নিয়ে যাত্রা করুন। যা মানুষকে পথ দেখাবে। কন্যাশ্রীর মেয়েদের নিয়ে ভাবুন। এদিন বারাসতে ১০ জনের হাতে পুরস্কার তুলে দেন মুখ্যমন্ত্রী। তাঁর সঙ্গে মঞ্চে উপস্থিত ছিলেন অরূপ বিশ্বাস, জ্যোতিপ্রিয় মল্লিকরা।

> **সব রাজ্যেই মন্দির রয়েছে, পুজো হয়। তিরুপতি মন্দির, গণপতি মন্দির, তারকেশ্বর মন্দির, গোল্ডেন টেম্পল বা জগন্নাথ মন্দিরকে কি এখন ট্যাক্স দিতে হবে? বিজেপি সরকার দুর্গাপুজো বন্ধ করতে চাইছে? পুজো কমিটিগুলি অলাভজনক সংস্থা। এরা সমাজসেবাও করে। বাংলার মানুষের চাঁদাতেই সব হয়। তাহলে কর দিতে হবে কেন?**

## গঙ্গাসাগর নিয়ে সজাগ মুখ্যমন্ত্রী

**কলকাতা, ১১ জানুয়ারি (সংবাদ)** ঃ কুম্ভমেলার চাইতেও দুর্গম হল গঙ্গাসাগর মেলা। আগের সরকার সেখানকার পরিকাঠামো উন্নয়নে কোনো নজর না দিয়ে তীর্থ-কর চাপিয়েছিল। কিন্তু গত ৩-৪ বছরে তাঁর সরকার তীর্থ কর তুলে দিয়েছে। সেখানকার আমূল সংস্কার করা হয়েছে। শুক্রবার কলকাতার এক অনুষ্ঠানে ওই কথা বলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেইসঙ্গে তিনি কেন্দ্রীয় সরকারের প্রতি বিষোদ্গার করে বলেন, গঙ্গাসাগর যাত্রীদের কিছুটা সুবিধা দিতে একটা সেতুর জন্য গত ৪ বছর যাবৎ দরবার করে ব্যর্থ হয়েছেন তিনি। তাই আর কেন্দ্রের কাছে দয়া ভিক্ষা নয়, রাজ্য সরকারই আস্তে আস্তে ১৫০০ কোটি টাকা ব্যয়ে ওই সেতু নির্মাণ করবে।

মুখ্যমন্ত্রী বলেন, গঙ্গাসাগরে আসার সময় যদি কোনো দুর্ঘটনায় কারও মৃত্যু হয় তার জন্য মৃত ব্যক্তির পরিবারের সদস্যরা পাবেন ৫ লক্ষ টাকা। এবছরই প্রথম তাঁর সরকার ওই জীবনবিমা চালু করছে। এদিন তিনি গঙ্গাসাগর যাত্রীদের সজাগ করে দিয়ে বলেন, ধর্ম নিয়ে কেউ কোনো প্ররোচনা দিলে তাতে যেন কেউ কান না দেন। উৎসব সবার। তিনি বলেন, গঙ্গাসাগরের দিকে যেমন নিরাপত্তা ও যাত্রীদের সুবিধা-অসুবিধা দেখার জন্য ৪টি পয়েন্টে থাকবেন ৪ জন মন্ত্রী। আর কলকাতার দিকে থাকবেন ৪ জন মন্ত্রী। এর বেশি কোনো মন্ত্রীকে গঙ্গাসাগরে পাঠাতে নারাজ মুখ্যমন্ত্রী।

# গর্ভপাত নিয়ে মেডিকেল বোর্ডের কাছে পরীক্ষার নির্দেশ

**কলকাতা, ১১ জানুয়ারি (সংবাদ)** ঃ গর্ভবতী এবং তাঁর গর্ভস্থ ভ্রূণের শারীরিক পরীক্ষানিরীক্ষার জন্য বিশেষজ্ঞ চিকিৎসকদের নিয়ে গঠিত মেডিকেল বোর্ডের কাছে যেতে হবে যোধপুর পার্কের গৃহবধূকে। শনিবার সকাল ১১টায় এসএসকেএম হাসপাতালে মেডিকেল বোর্ডের কাছে বধূর শারীরিক পরীক্ষানিরীক্ষার নির্দেশ দিয়েছেন বিচারপতি তপোব্রত চক্রবর্তী।

গর্ভস্থ ভ্রূণের অসুস্থতার কারণে আইনসম্মতভাবে গর্ভপাতের মতো বিষয়ে বৃহত্তর প্রেক্ষাপটের কথা মাথায় রেখে ভাবী মায়ের কথার গুরুত্বই অনস্বীকার্য বলে জানিয়েছিল সুপ্রিমকোর্ট। এর জন্য প্রতিটি রাজ্যকে বিশেষজ্ঞ চিকিৎসকদের নিয়ে একটি বোর্ড গঠনেরও নির্দেশ দেওয়া হয়েছিল দেশের শীর্ষ আদালতের তরফে। এ রাজ্যে ২০১৭ সালের অগাস্টে মেডিকেল বোর্ড গঠিত হয়। এসএসকেএম হাসপাতালে সেই বোর্ডের কাছেই পাঠানো হচ্ছে গৃহবধূকে। বোর্ডের রিপোর্টের ভিত্তিতেই আদালত সিদ্ধান্ত নেবে। আগামী সোমবার দুপুর ২ টোয় মেডিকেল বোর্ডের রিপোর্ট রাজ্য সরকারকে আদালতে পেশ করার নির্দেশ দিয়েছেন বিচারপতি। জানা গিয়েছে, এটা মহিলার দ্বিতীয়বার অন্তঃসত্ত্বা হওয়া। আগের ভ্রূণটিও নষ্ট হয়ে গিয়েছিল।

এদিকে, আদালতের নির্দেশ মেনে শুক্রবার গৃহবধূর স্বামী উপস্থিত ছিলেন বিচারপতি তপোব্রত চক্রবর্তীর এজলাসে। গৃহবধূ নিজেও আসেন আদালতে। রাজ্যের অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল অভ্রতোষ মজুমদার বলেন, সুপ্রিমকোর্টের নির্দেশে এরাজ্যে গঠিত হয়েছে বিশেষজ্ঞ চিকিৎসকদের নিয়ে মেডিকেল বোর্ড। সেই বোর্ডে আছেন গাইনিকোলজিস্ট, রেডিয়োলজিস্ট, কার্ডিয়োলজিস্ট, সাইক্রিয়াটিস্ট, নিউরোলজিস্ট, পেডিয়াট্রিস্ট, অ্যানাস্থেটিস্ট সহ বিভিন্ন বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকরা। সেই বোর্ডের কাছে গৃহবধূর শারীরিক পরীক্ষা হতে পারে। বিচারপতি নির্দেশ দেন, এসএসকেএমে ওই বোর্ডের কাছে মহিলাকে যাওয়ার জন্য। লেক থানার যোধপুর পার্কের এক গৃহবধূ গত ৮ জানুয়ারি হাইকোর্টে মামলা করেন। বৃহস্পতিবার তাঁর আইনজীবী অমিতাভ ঘোষ বিচারপতি তপোব্রত চক্রবর্তীর এজলাসে বলেন, মহিলা বর্তমানে ২৪ সপ্তাহের বেশি অন্তঃসত্ত্বা। গত ডিসেম্বরে এসএসকেএম এবং কলকাতার আরও এক স্ত্রীরোগ বিশেষজ্ঞ বিভিন্ন পরীক্ষানিরীক্ষা করে জানান, গৃহবধূর গর্ভস্থ ভ্রূণ অসুস্থ। ব্রেনে কিছু সমস্যা রয়েছে। শিশুটি জন্মালে বেশিদিন বাঁচবে না। এমনকি গৃহবধূরও জীবন সংশয় হতে পারে। যেহেতু ১৯৭০ সালের টার্মিনেশন অফ প্রেগন্যান্সি আইনের ৩ ধারা অনুযায়ী ২০ সপ্তাহ পর্যন্ত গর্ভপাত করাতে অনুমতির দরকার না থাকলেও এর পরের ক্ষেত্রে আদালতের অনুমতি নিতে হয়, তাই কোনো চিকিৎসকই গর্ভপাত করাতে রাজি হননি। সেজন্য আদালতের অনুমতি দরকার।

# জামালপুরে দলের কর্মীদের মারে জখম তৃণমূল নেতা

**বর্ধমান, ১১ জানুয়ারি** ঃ ব্রিগেড সভার সমর্থনে অনুষ্ঠিত জনসভায় যোগ দেওয়ায় দলের নেতা ও কর্মীদের মারে গুরুতর জখম হলেন তৃণমূল নেতা অমল দলুই সহ কয়েকজন কর্মী। অমল দলুই জামালপুর পঞ্চায়েত সমিতির সদস্য। ঘটনার জেরে বৃহস্পতিবার রাত থেকেই উত্তেজনা ছড়ায় জামালপুরের জ্যোৎশ্রীরাম গ্রামে। অমল দলুইয়ের অভিযোগ, হামলাকারীরা জামালপুর পঞ্চায়েত সমিতির সভাপতি মেহেমুদ খানের অনুগত তৃণমূলের কর্মী। মারধর ও হামলার ঘটনায় জড়িত বেশ কয়েকজনের নামে অমল দলুই জামালপুর থানায় অভিযোগ দায়ের করেছেন। যদিও জেলা তৃণমূল সভাপতি স্বপন দেবনাথ জানিয়েছেন, যারা এই ঘটনার সঙ্গে জড়িত পুলিশকে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বলা হয়েছে। ব্লক তৃণমূল কার্যকরী সভাপতি তথা পঞ্চায়েত সমিতির স্বাস্থ্য কর্মাধ্যক্ষ প্রদীপ পালের সঙ্গে সমিতির সভাপতি মেহেমুদ খানের বিরোধ দীর্ঘদিনের। পঞ্চায়েতের বোর্ড গঠন নিয়ে বিরোধ আরও বাড়ে। ব্রিগেড সমাবেশকে সামনে রেখে বৃহস্পতিবার জামালপুরের জৌগ্রামে তৃণমূলের একটি সভা ছিল। জেলা সভাপতি স্বপন দেবনাথের কথামতো সেই সভায় যোগ দেন মেহেমুদ খান। সভা নির্বিঘ্নে মিটলেও অশান্তি বাধে অমল দলুই সহ বাকি কর্মীরা রাতে জ্যোৎশ্রীরাম গ্রামে ফেরার পর। সেই সময় মেহেমুদের লোকজন তাঁর পথ আটকে জানতে চায়, নিষেধ সত্ত্বেও কেন সভায় লোক নিয়ে গিয়েছিলেন তিনি? এরপরই মেহেমুদের অনুগামীরা তাঁকে লাঠি, বাঁশ ও রড দিয়ে বেপরোয়া মারধর শুরু করে বলে অভিযোগ। রক্তাক্ত অবস্থায় রাস্তায় পড়ে চিৎকার শুরু করলে হামলাকারীরা পালায়। অমল দলুই জানিয়েছেন, একই রাতে মেহেমুদের অনুগামীরা জ্যোৎশ্রীরাম গ্রামের রাম মালিক ও রাজীব রায়ের বাড়িতেও হামলা চালিয়েছে। জামালপুরের ব্লক তৃণমূলের কার্যকরী সভাপতি প্রদীপ পালের অভিযোগ, এককালের সিপিএম গুন্ডারা এখন মেহেমুদ খানের হাত ধরে তৃণমূলি হয়েছে। তারাই মারধর করেছে। পঞ্চায়েত সমিতির সভাপতি মেহেমুদ খান এই অভিযোগ ভিত্তিহীন বলে জানিয়েছেন। তিনি বলেন, ‘আমিও স্বপন দেবনাথের সভাতে উপস্থিত ছিলাম। খোঁজ নিয়ে জেনেছি, গ্রাম্য বিবাদ ঘিরে এই ঘটনা ঘটেছে।’ তিনি বলেন, দলের কেউ মেহেমুদ খানের অনুগামী নয়।

## রাজ্যের সব বুথে ইনটারনেট সংযোগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১১ জানুয়ারি** ঃ রাজ্যে লোকসভা নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ করতে সব বুথে ইনটারনেট সংযোগের ব্যবস্থা নিতে উদ্যোগী হয়েছে নির্বাচন কমিশন। রাজ্যে প্রায় প্রতিটি নির্বাচনে হিংসাত্মক ঘটনা রুখতে এই ব্যবস্থা বলে নির্বাচন দপ্তর সূত্রে জানা গিয়েছে। এই বিষয়ে সংশ্লিষ্ট ইনটারনেট সংস্থাগুলির প্রতিনিধিদের সঙ্গে বৈঠকও হয়েছে। শান্তিপূর্ণ নির্বাচনের লক্ষ্যে ওয়েব কাস্টিংকে বিশেষ গুরুত্ব দিচ্ছে নির্বাচন কমিশন। এই উদ্দেশ্যে সব বুথে ইনটারনেট সংযোগ, এসএমএসভিত্তিক নির্বাচনি তদারকি একান্ত জরুরি। বিভিন্ন অ্যাপের মাধ্যমেও নির্বাচনি ব্যবস্থা আরও আধুনিক করতে চায় নির্বাচন কমিশন। মুখ্য নির্বাচনি আধিকারিক আরিজ আফতাব চান, নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে শুধু নিরাপত্তারক্ষীই নয়, আধুনিক বৈদ্যুতিন পদ্ধতিও একান্ত প্রয়োজন।

## পরবর্তী মুখ্যমন্ত্রী অভিষেক, ইঙ্গিত ফিরহাদের

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১১ জানুয়ারি** ঃ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে প্রধানমন্ত্রী হিসেবে দেখতে উঠেপড়ে লেগেছে তাঁর দল। সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় সহ প্রায় সব নেতাই উচ্চকণ্ঠে একথা প্রচার করছেন। তৃণমূলের এই অভিপ্রায় সত্যি হলে রাজ্য সামলাবেন কে? এমন প্রশ্নের জবাবে পুরমন্ত্রী ফিরহাদ হাকিম বলেন, কেন্দ্রে দিদির ব্যস্ততা বাড়লে রাজ্যে অভিষেকের ব্যস্ততা আরও তুঙ্গে উঠবে। ১৯ জানুয়ারি ব্রিগেড সমাবেশ ঘিরে এবার মুখ্যমন্ত্রীর নির্দেশে গুরুদায়িত্ব নিয়েছেন সাংসদ ভাইপো অভিষেক। রাজ্যের বিভিন্ন জেলায় তৃণমূলের প্রচারে তিনি ভবিষ্যৎ প্রধানমন্ত্রী হিসেবে তুলে ধরছেন মমতা বন্দ্যোপাধ্যায়কে।

## কলকাতা বিমানবন্দরে ১.৫ কোটি সহ গ্রেফতার ১

**কলকাতা, ১১ জানুয়ারি (সংবাদ)** ঃ হিসেব বহির্ভূত টাকা নিয়ে কলকাতা থেকে আগরতলা যাওয়ার পথে কলকাতা বিমানবন্দরে গ্রেফতার হয় এক যুবক। অভিযুক্তের নাম আনোয়ার ইসলাম। এদিন সকালে আগরতলা যাওয়ার বিমান ধরার সময় বিমানবন্দরে চেকিং করতে গিয়ে আনোয়ারের ব্যাগ দেখে সন্দেহ হয় বিমানবন্দরের কর্মীদের। তারা ওই ব্যক্তিকে ব্যাগ দেখাতে বললে ব্যাগের মধ্যে থাকা একটি বাক্স থেকে ১ কোটি ৪১ লক্ষ ৪ হাজার ৯০০ টাকা উদ্ধার হয়। তবে ওই টাকা সে কোথা থেকে পেল বা কী জন্য ওই টাকা সে আগরতলা নিয়ে যাচ্ছিল সেই সংক্রান্ত কোনো কাগজপত্রও পাওয়া যায়নি। বিমানবন্দরের কর্মীরা ওই ব্যক্তিকে শুল্ক দপ্তরের হাতে তুলে দেয়। পুলিশ ও শুল্ক দপ্তরের ধারণা ওই ব্যক্তির কাছে যে টাকা পাওয়া গেছে তা সোনা পাচারের টাকা।

## রাজ্যে এবার ভোটার সংখ্যা বৃদ্ধির আশা

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১১ জানুয়ারি** ঃ রাজ্যে এবার ভোটার সংখ্যা বৃদ্ধি পেতে পারে বলে রাজ্য নির্বাচন দপ্তরের আশা। ভোটার সংখ্যা ৭ কোটি ছুঁতে পারে বলে মনে করা হচ্ছে। এর ভিত্তিতেই হবে লোকসভা নির্বাচন। রাজ্যে ভোটার তালিকায় নতুন ভোটারদের নাম সংযোজন করতে প্রথম থেকে নানাভাবে তৎপর হয়েছে নির্বাচন দপ্তর। লোকসভা নির্বাচনের কথা মাথায় রেখে তৎপর ছিল রাজনৈতিক দলগুলিও। শুধু সুস্থ, সক্ষমদের নয়, বিশেষভাবে সক্ষমদেরও তালিকায় আনতে সচেষ্ট হয় নির্বাচন দপ্তর। অনলাইনে নাম অন্তর্ভুক্তির সুযোগ মেলায় উৎসাহী হন অনেকেই। এই বিষয়ে সব জেলা প্রশাসনকে বিশদভাবে বোঝানোর চেষ্টায় কসুর করেনি নির্বাচন কমিশন। ফলত সুফল মিলবেই বলে আশা রাজ্য নির্বাচন দপ্তরেরও। আগামী ১৪ জানুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে।

## আজ কলকাতায় জিগ্নেশ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১১ জানুয়ারি** ঃ গুজরাটের তরুণ নেতা জিগ্নেশ মেওয়ানি শনিবার কলকাতায় আসছেন। একটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের তপশিলি ও উপজাতি সংগঠনের অনুষ্ঠানে যোগ দিতে তিনি আসছেন বলে উদ্যোক্তাদের পক্ষে সুরেশ রাম জানিয়েছেন।

**জয়নগর শুটআউট**

## গ্রেফতার ৩

**কলকাতা, ১১ জানুয়ারি (সংবাদ)** ঃ জয়নগর শুটআউটের ঘটনার প্রায় এক মাস বাদে দিল্লি থেকে গ্রেফতার হল মূল অভিযুক্ত আবুকাহের সর্দার ওরফে বাবুয়া। এছাড়াও তার দুই সাগরেদ আবুল হোসেন মিস্ত্রি ও মণিরুদ্দিন গাজিকেও গ্রেফতার করে সিআইডি। বৃহস্পতিবার তাদের ট্রানজিট রিমান্ডে কলকাতায় আনা হয়। এদিন ৩ জনকেই বারুইপুর আদালতে তোলা হয়। গত ১৩ ডিসেম্বর দক্ষিণ ২৪ পরগনার জয়নগরের বহরুতে বিধায়ক বিশ্বনাথ দাসের গাড়ি লক্ষ্য করে গুলি ও বোমা ছোড়ে দুষ্কৃতীরা। সেই গাড়িতে ছিলেন না বিশ্বনাথবাবু। গাড়িতে থাকা বিধায়ক ঘনিষ্ঠ এক ব্যক্তি ও স্থানীয় ২ ব্যক্তি গুলিতে ঝাঁঝরা হয়ে যান। ঘটনার মূল পান্ডা ছিল বাবুয়া। ওই ঘটনায় পুলিশ এর আগে ১৬ জনকে গ্রেফতার করেছিল।

## নলিনীর বিরুদ্ধে চার্জশিট

**কলকাতা, ১১ জানুয়ারি (সংবাদ)** ঃ শুক্রবার কেন্দ্রীয় তদন্ত ব্যুরোর অফিসাররা উত্তর ২৪ পরগনার বারাসতের বিশেষ আদালতে সারদা কাণ্ডে নলিনী চিদম্বরমের বিরুদ্ধে চার্জশিট দাখিল করেন। প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী পি চিদম্বরমের স্ত্রী সেবি-র হাত থেকে সুদীপ্ত সেনের সংস্থা সারদাকে বাঁচিয়ে দেওয়ার জন্য সুদীপ্ত সেনের কাছ থেকে ১ কোটি ৪৩ লক্ষ টাকা নিয়েছিলেন বলে অভিযোগ। এছাড়া প্রাক্তন কেন্দ্রীয়মন্ত্রী মাতং সিং-এর স্ত্রী মনোরঞ্জনা সিং-এর যে একটি বিশাল অঙ্কের চুক্তি হয়েছিল তার মধ্যমণি ছিলেন তিনি।

## বইমেলা পিছোল

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১১ জানুয়ারি** ঃ কলকাতা বইমেলার উদ্বোধন একদিন পিছিয়ে ৩১ জানুয়ারি হচ্ছে। ১৯ জানুয়ারি তৃণমূলের ব্রিগেড সমাবেশে রাজ্যের বিভিন্ন জায়গা থেকে সমর্থকরা আসবেন। তাঁদের অনেকের থাকা-খাওয়ার ব্যবস্থা বইমেলার মাঠে হবে। এই প্রেক্ষিতে মেলার উদ্বোধন একদিন পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন উদ্যোক্তারা।

## অনুষ্ঠান নানা চ্যানেলে

অনুষ্ঠান দুটি আকাশ আটে
গান ফাইট রাত সাড়ে ৯টা

হেঁশেলি উইক পর্বে সজ্ঞিতা নন্দা রাঁধবেন হানি মাস্টার্ড স্যান্ডউইচ এবং অরেঞ্জ চিকেন। রাঁধুনি সন্ধে ৬টা

ওয়ার্ল্ড হেরিটেজ রাত ৯টা ট্রাভেল এক্সপি এইচডি

### খেলা

**অস্ট্রেলিয়া** বনাম **ভারত** প্রথম একদিনের আন্তর্জাতিক ম্যাচ
সিডনি থেকে, সোনি টেন থ্রি/সোনি সিক্স, সকাল ৭.৪৫

**ক্রিকেট** ঃ সোনি ইএসপিএন ঃ দুপুর ২.০০ দক্ষিণ আফ্রিকা বনাম পাকিস্তান, তৃতীয় টেস্ট ম্যাচের ২য় দিনের খেলা জোহানেসবার্গ থেকে।
**ফুটবল** ঃ সোনি টেন ওয়ান ঃ রাত ৮.৪৫ লা লিগা– ভ্যালেন্সিয়া বনাম ভালাদোলিদ। প্রিমিয়ার লিগ ঃ স্টার স্পোর্টস সিলেক্ট ওয়ান/এইচডি ঃ প্রিমিয়ার লিগ– বিকেল ৫.৫০ ওয়েস্টহ্যাম বনাম আর্সেনাল। রাত ৮.২০ ব্রাইটন বনাম লিভারপুল। রাত ১০.৫০ চেলসি বনাম নিউক্যাসল। স্টার স্পোর্টস সিলেক্ট টু/এইচডি ঃ রাত ৮.২০ লেস্টার সিটি বনাম সাদাম্পটন। স্টার স্পোর্টস থ্রি ঃ দুপুর ২.০০ আই লিগ– মোহনবাগান বনাম নেরোকা।
(ম্যাচগুলি দেখুন সরাসরি)

**ডিডি বাংলা**
সকাল ৭.০০ সকাল সকাল, দুপুর ২.০০ সংবাদ, ২.৩০ অপরাজিত, বিকেল ৫.১০ দিশা, সন্ধে ৬.০২ এখন মিউজিক, রাত ৮.০২ শ্রীময়ী, ৮.৩০ ভজহরির ধাবা, ৯.০৫ থিয়েটার অন টিভি, ১০.০০ সংবাদ প্রবাহ

ধড়ক রাত ৮টা অ্যান্ড পিকচার্স

দ্য লায়ন কুইনস অফ ইন্ডিয়া সন্ধে ৬টা ডিসকভারি

টোটাল দাদাগিরি দুপুর ১.৪৫ জলসা মুভিজ

ডিডি বাংলা ঃ বেলা ১১.০৫ অনুসন্ধান
কালার্স বাংলা ঃ দুপুর ২.০০ লাভ ইন রাজস্থান
জলসা মুভিজ ঃ সকাল ১০.৪০ পরাণ যায় জ্বলিয়া রে, দুপুর ১.৪৫ টোটাল দাদাগিরি, বিকেল ৪.৫৫ টাইগার, রাত ৮.০০ তুলকালাম, ১০.৫৫ বস টু
জি বাংলা সিনেমা ঃ সকাল ১০.২৫ গোয়েন্দা গোগোল, দুপুর ১.০০ শত্রু, বিকেল ৩.৪৫ বাবা তারকনাথ, সন্ধে ৭.০০ বাবা কেন চাকর, রাত ১০.০০ ত্রিনেত্র
সোনি ম্যাক্স ঃ বেলা ১১.২৬ রাজমহল থ্রি, দুপুর ২.০৭ রাউডি রাঠোর, বিকেল ৫.১৩ মর মিটেঙ্গে টু, সন্ধে ৭.৫৫ থ্রি ইডিয়টস, রাত ১১.৫৬ এটিএম
স্টার গোল্ড ঃ বেলা ১১.১০ মিঃ অ্যান্ড মিসেস খিলাড়ি, দুপুর ১.২০ দ্য রিয়াল জ্যাকপট, বিকেল ৪.৩০ কালা করিকালান, রাত ৮.০০ জিনে নেহি দুংগা, ১১.০৫ সিংহম রিটার্নস
স্টার মুভিজ ঃ সকাল ১০.৫৬ ব্লিডিং স্টিল, দুপুর ১.১৮ পাইরেটস অফ দ্য ক্যারিবিয়ন-সালাজার’স রিভেঞ্জ, বিকেল ৩.৫১ ন্যাশনাল ট্রেজার, সন্ধে ৬.৩৭ জুমানজি, রাত ৮.৫০ ফাইন্ডিং নিমো